

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

জামাতাগণ (_____)

(১) আবুল 'আছ বিন রাবী' : ইনি খাদীজার আপন বোন হালার পুত্র ছিলেন। কন্যা যয়নবকে তিনি এই ভাগিনার সাথে বিবাহ দেন। আলী ও উমামাহ নামে তাঁদের একটি পুত্র ও একটি কন্যা সন্তান হয়। যয়নব (রাঃ) ৮ম হিজরীতে এবং আবুল 'আছ (রাঃ) ১২ হিজরীতে মৃত্যুবরণ করেন। (২-৩) উৎবা ও উতাইবাহ : আবু লাহাবের এই দুই পুত্রের সাথে রুকাইয়া ও উন্মে কুলছুমের বিবাহ হয়। কিন্তু সূরা লাহাব নাযিলের পর তাদেরকে তালাক দিতে আবু লাহাব বাধ্য করেন। এদের ঔরসে কোন সন্তানাদি হয়ন। পরে রুকাইয়া হযরত ওছমান (রাঃ)-এর সাথে বিবাহিতা হন। হাবশায় হিজরতকালীন সময়ে 'আব্দুল্লাহ' নামে তাঁর একটি পুত্র সন্তান হয়। য়িন ১ম হিজরীতে মদীনায় ৬ বছর বয়সে মারা য়ান। তার পরের বছর ২য় হিজরীতে বদরের য়ুদ্ধ থেকে ফেরার দিন রুকাইয়া মৃত্যুবরণ করেন। অতঃপর উন্মে কুলছুমকে ওছমানের সাথে বিবাহ দেওয়া হয়। রাসূল (ছাঃ)-এর দুই মেয়ের স্বামী হওয়ার সৌভাগ্য লাভ করায় ওছমানকে 'যুন-নূরাইন'(نَوْ التُورَيْنُ) বলা হয়।[1] উন্মে কুলছুম নিঃসন্তান ছিলেন। তিনি ৯ম হিজরীতে মৃত্যুবরণ করেন। (৪) আলী ইবনু আবী তালেব : ২য় হিজরীর ছফর মাসে তাঁর সাথে ফাতেমা (রাঃ)-এর বিবাহ হয়। হাসান, হোসায়েন, উন্মে কুলছুম ও য়য়নব নামে তাঁর গর্ভজাত চারটি সন্তান ছিল। অনেকে মুহসিন ও রুকাইয়া নামে আরও দু'টি সন্তানের কথা বলেছেন। যারা শিশু অবস্থায় মারা যায়। ১১ হিজরীর তরা রামাযান মঙ্গলবার রাতে ৩০ অথবা ৩৫ বছর বয়সে ফাতেমা (রাঃ) মৃত্যুবরণ করেন।[2]

ফুটনোট

- [1]. এ লকবটি তাঁর সম্পর্কে আবুবকর (রাঃ)-এর মন্তব্য দ্বারা প্রমাণিত (আলবানী, যিলালুল জান্নাহ হা/১১৫৩, সনদ ছহীহ)।
- [2]. সন্তান-সন্ততি বিষয়ে বিস্তারিত আলোচনা দেখুন : আল-বিদায়াহ ওয়ান নিহায়াহ ৫/২৬৭-৭০; রহমাতুল্লিল 'আলামীন ২/৯৫-১১১ পৃঃ; আল-ইছাবাহ, আব্দুল্লাহ বিন ওছমান ক্রমিক সংখ্যা ৬১৮৯।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5188

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন